

আকাশ পথে ১৫ নভেম্বর থেকে ভারতীয় ট্যুরিস্ট ভিসা

- A Monitor Desk Report

Date: 09 November, 2021



ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার বিক্রম কুমার দোরাইস্বামী জানিয়েছেন, করোনাভাইরাস পরিস্থিতি বিবেচনায় দীর্ঘ দিন বন্ধ থাকার পর আগামী ১৫ নভেম্বর থেকে বাংলাদেশিদের জন্য ভারতীয় ট্যুরিস্ট ভিসা চালু হচ্ছে।

আজ সকালে (মঙ্গলবার)ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া আন্তর্জাতিক ইমিগ্রেশন চেকপোস্ট দিয়ে ভারত যাওয়ার সময় সাংবাদিকদের এ কথা জানান তিনি।

হাইকমিশনার বলেন, শুধু আকাশ পথের জন্য ১৫ নভেম্বর থেকে আমরা ট্যুরিস্ট ভিসা চালু করছি। যাতে করে বর্তমান করোনাকালেও ভ্রমণ শুরু হয়। এখন ১২০ দিন মেয়াদের সিঙ্গেল এন্ট্রি ভিসা দেওয়া হবে। এ ভিসায় সর্বোচ্চ ৩০ দিন ভারতে অবস্থান করা যাবে। কারণ এখনও সব জায়গায় করোনার ভয় আছে। আশা করছি, দূত সড়ক ও রেলপথে ভারত ভ্রমণের জন্যও ট্যুরিস্ট ভিসা চালু করা হবে।

দুই দেশের সম্পর্কের কথা উল্লেখ করে ভারতীয় হাইকমিশনার বলেন, আমরা একসঙ্গে কাজ করে যাচ্ছি। দুই দেশের মধ্যে গভীর সম্পর্ক রয়েছে।

এ সময় হাইকমিশনারের সঙ্গে আখাউড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা রোমানা আক্তার ও আখাউড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান উপস্থিত ছিলেন।